# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬.১.৩.১২. পূর্বপুরুষদের পাপের ভার ৪০০০ বছর পরের মানুষদের উপর

আমরা দেখলাম, পিতৃপুরুষদের অপরাধে ৪০০ বছর পরের বংশধরদের দায়ী করলেন পিতা ঈশ্বর। যীশু বা পুত্র ঈশ্বর আরেকটু এগিয়ে যান। যীশু ৪০০০ বছর পরের মানুষদেরকে পূর্বের পাপের জন্য দায়ী করেন। তিনি তাঁর যুগের ইহুদিদেরকে আদমের যুগের পাপের জন্য শাস্তিযোগ্য বলে ঘোষণা দেন: ‘‘এজন্য নির্দোষ হাবিলের খুন থেকে শুরু করে আপনার যে বরখিয়ের ছেলে জাকারিয়াকে পবিত্র স্থান আর কোরবানগাহের মাঝখানে খুন করেছিলেন, সেই জাকারিয়ার খুন পর্যন্ত দুনিয়াতে যত নির্দোষ লোক খুন হয়েছে আপনারা সেই সমস্ত রক্তের দায়ী হবেন। আমি আপনাদের সত্যিই বলছি, এই কালের লোকেরাই সেই সমস্ত রক্তের দায়ী হবে।’’ (মথি ২৩/৩৫-৩৬, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14264

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন